জুলাই গণঅভ্যুত্থানকারীদের জন্য দায়মুক্তি আইনি সুরক্ষা অধ্যাদেশ জারি



সংগৃহীত ছবি

সরকার ‘জুলাই গণঅভ্যুত্থান (সুরক্ষা ও দায় নির্ধারণ) অধ্যাদেশ, ২০২৬’ জারি করেছে। এই অধ্যাদেশের লক্ষ্য ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানে অংশ নেওয়া ব্যক্তিদের আইনি সুরক্ষা প্রদান এবং তাদের বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহার নিশ্চিত করা।

রোববার (২৫ জানুয়ারি) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিভাগ থেকে এ সংক্রান্ত গেজেট প্রকাশিত হয়েছে।

অধ্যাদেশে আন্দোলনে অংশ নেওয়া ছাত্র ও সাধারণ জনগণকে ‘গণঅভ্যুত্থানকারী’ হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। এতে বলা হয়েছে, ফ্যাসিস্ট শাসক পতনের উদ্দেশ্যে গণতন্ত্র, মানবাধিকার ও আইনের শাসন প্রতিষ্ঠায় যারা অংশ নিয়েছেন, তাদের বিরুদ্ধে দায়েরকৃত দেওয়ানি ও ফৌজদারি মামলা প্রত্যাহার করা হবে। সরকারের প্রত্যয়ন সাপেক্ষে চলমান মামলা থাকলে তা আদালতের মাধ্যমে তাৎক্ষণিকভাবে প্রত্যাহার করা হবে এবং অভিযুক্তকে অব্যাহতি বা খালাস দেওয়া হবে।

তবে হত্যাকাণ্ডের অভিযোগ থাকলে তা জাতীয় মানবাধিকার কমিশনে দাখিল করা যাবে। কমিশন নিজ উদ্যোগে তদন্ত পরিচালনা করবে এবং তদন্ত চলাকালে গ্রেফতার বা হেফাজতের প্রয়োজন হলে অনুমোদন বাধ্যতামূলক। যদি তদন্তে প্রমাণিত হয় যে অভিযোগের সঙ্গে অপরাধমূলক অপব্যবহার যুক্ত ছিল, কমিশন সংশ্লিষ্ট আদালতে প্রতিবেদন জমা দেবে, যা পুলিশি রিপোর্টের সমতুল্য ধরা হবে।

অন্যদিকে, যদি তদন্তে প্রতীয়মান হয় যে ঘটনা রাজনৈতিক প্রতিরোধের অংশ ছিল, কমিশন ক্ষতিগ্রস্ত পরিবারকে ক্ষতিপূরণ প্রদানের জন্য সরকারকে নির্দেশ দিতে পারবে। এই ক্ষেত্রে সংশ্লিষ্ট ঘটনায় আদালতে কোনো মামলা চলবে না এবং অন্য কোনো আইনগত প্রক্রিয়া গ্রহণ করা যাবে না।